# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৬২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২. দ্বিতীয় অনুচ্ছেদ - জুমু‘আর সালাত

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْيَوْمُ الْمَوْعُودُ يَوْمُ الْقِيَامَةِ وَالْيَوْمُ الْمَشْهُودُ يَوْمُ عَرَفَةَ وَالشَّاهِدُ يَوْمُ الْجُمُعَةِ وَمَا طَلَعَتِ الشَّمْسُ وَلَا غَرَبَتْ عَلَى يَوْمٍ أَفْضَلَ مِنْهُ فِيهِ سَاعَةٌ لَا يُوَافِقُهَا عَبْدٌ مُؤْمِنٌ يَدْعُو اللَّهَ بِخَيْرٍ إِلَّا اسْتَجَابَ اللَّهُ لَهُ وَلَا يَسْتَعِيذُ مِنْ شَيْءٍ إِلَّا أَعَاذَهُ مِنْهُ» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ لَا يُعْرَفُ إِلَّا مِنْ حَدِيثِ مُوسَى بْنِ عُبَيْدَةَ وَهُوَ يضعف

বাংলা

১৩৬২-[৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ (কুরআনে বর্ণিত) ’’ইয়াওমুল মাও’ঊদ’’ হলো কিয়ামতের (কিয়ামতের) দিন। ’ইয়াওমুল মাশহূদ’ হলো ’আরাফাতের দিন। আর ’শাহিদ’ হলো জুমু’আর দিন। যেসব দিনে সূর্য উদয় ও অস্ত যায় তার মধ্যে সর্বোত্তম হলো ’’জুমু’আর দিন’’। এ দিনে এমন একটি সময় আছে সে সময়টুকু যদি কোন মু’মিন বান্দা পেয়ে যায়, আর ওই সময়ে সে আল্লাহর কাছে কোন কল্যাণ কামনা করে, তাহলে আল্লাহ তা’আলা অবশ্যই তাকে সে কল্যাণ প্রদান করবেন। যে জিনিস থেকে সে আশ্রয় চাইবে, আল্লাহ অবশ্যই তাকে আশ্রয় দেবেন। [আহমাদ, তিরমিযী; তিনি (তিরমিযী) বলেন, এ হাদীসটি গরীব। কারণ মূসা ইবনু ’উবায়দার সূত্র ছাড়া এ হাদীস জানা যায় না। আর মূসা মুহাদ্দিসীনের কাছে দুর্বল রাবী।][1]

ফুটনোট

[1] হাসান : আত্ তিরমিযী ৩৩৩৯, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৫৬৪, সহীহ আল জামি‘ ৮২০১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (اَلْيَوْمُ الْمَوْعُوْدُ) অর্থাৎ যা আল্লাহ তা‘আলা সূরাহ্ আল বুরূজ-এ উল্লেখ করেছেন, কেননা ক্বিয়ামাতের

(কিয়ামতের) দিন আল্লাহ তা‘আলা মানুষদেরকে উপস্থিতির প্রতিশ্রুতি দিয়েছেন অথবা তিনি উপস্থিতির পর জান্নাতুন না‘ঈমের প্রতিশ্রুতি দিয়েছেন।

উপস্থিতির দিন হলো ‘আরাফার দিন। কেননা মু’মিনগণ তাতে উপস্থিত হয় এবং একত্রিত হয়। কারণ যে ব্যক্তি জুমু‘আর সালাতে উপস্থিত হয়। ‘আরাফার দিনকে (اَلْيَوْمُ الْمَشْهُوْدُ) এবং জুমু‘আর দিনকে (الشَّاهِدُ) নামকরণ করা হয়েছে এ কারণে যে, মানুষেরা ‘আরাফার দিকে গমন করে এবং তাতে উপস্থিত হয় বিধায় তা الْمَشْهُوْدُ বা উপস্থিতকৃত। আর জুমু‘আর ক্ষেত্রে তারা স্ব স্ব স্থানে অবস্থান করে। আর জুমু‘আর দিন তাদের নিকট আসে ও উপস্থিত হয়। তবে মনে রাখতে হবে যে, (اَلْيَوْمُ الْمَوْعُوْدُ) দ্বারা ক্বিয়ামাত (কিয়ামত) দিবস উদ্দেশ্য। তবে الشَّاهِدُ ও الْمَشْهُوْدُ নিয়ে কয়েকটি মত রয়েছে। তবে প্রসিদ্ধ ও প্রাধান্য মত হলো জমহূর সাহাবী ও তাবি‘ঈনগণ যে মত দিয়েছেন। (الْمَشْهُوْدُ হলো ‘আরাফাহ্ যার الشَّاهِدُ হলো জুমু‘আহ্)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55922

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন